**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04.05.2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Counting of votes-4 States, 1 UT :

পশ্চিমবঙ্গ, কেরলম, তামিলনাড়ু, আসাম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের জন্য আজ ভোট গণনার সমস্ত প্রস্তুতি চূড়ান্ত৷ সকাল ৮টায় গণনা শুরু হবে। প্রথমে পোস্টাল ব্যালট গণনা করা হবে এবং সকাল সাড়ে ৮টায় ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম)এর গণনা শুরু হবে। দুপুরের মধ্যে প্রাথমিক প্রবণতা স্পষ্ট হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। চারটি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলে সুষ্ঠুভাবে গণনার জন্য নির্বাচন কমিশন কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে।

আসামের ১২৬টি, কেরলমের ১৪০টি এবং পুদুচেরির ৩০টি আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছিল গত ৯ই এপ্রিল। তামিলনাড়ুর ২৩৪টি বিধানসভা কেন্দ্রে এবং পশ্চিমবঙ্গের প্রথম দফার ১৫২টি আসনে ভোটগ্রহণ হয়েছিল গত ২৩শে এপ্রিল। পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে ভোটগ্রহণ গত মাসের ২৯ তারিখে অনুষ্ঠিত হয়।

*******************************

## Bye Election – Counting:

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গণনা আজ সকাল আটটা থেকে শুরু হতে যাচ্ছে। গণনা হবে ধর্মনগর পি এম শ্রী সরকারি বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ভোট

গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গণনা কেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তার কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এই উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ছয় জন প্রার্থী। তারা হলেন বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)-এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ। মোট ১৪ টি টেবিলে চার রাউন্ডে গণনা হবে। পোস্টেল ব্যালট এর জন্য আলাদা একটি টেবিল থাকছে। ইতিমধ্যে জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ভোট গণনা কেন্দ্রের ১00 মিটারের মধ্যে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা জারি করেছেন। এই ধারা আজ সকাল ছটা থেকে কার্যকর হয়েছে এবং ভোট গণনা শেষ হওয়া অব্দি বলবৎ থাকবে। গত ৯ এপ্রিল ধর্মনগর বিধানসভা উপনির্বাচনের ভোট গ্রহণ করা হয়েছিল। মোট ভোট পড়েছিল ৮0 দশমিক 0৪ শতাংশ।

*******************************

**Neet:**

পশ্চিম জেলায় নয়টি কেন্দ্রে গতকাল অনুষ্ঠিত হয়েছে মেডিকেলের নীট পরীক্ষা। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, নয়টি কেন্দ্রে সকাল থেকেই নয়জন নোডাল অফিসার নিযুক্ত ছিলেন। এছাড়া পরীক্ষার সিটি কো-অরডিনেটর ধর্মেন্দ্র মিশ্র, পশ্চিম জেলা প্রশাসনের দুই ডিসিএম সবগুলি সেন্টার পরিদর্শন করেন। বেলা দুটো থেকে বিকেল পাঁচটা পর্যন্ত শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন হয়। সর্ব ভারতীয় এই প্রবেশিকা পরীক্ষা শিশুবিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, হিন্দী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, মহারাণী তুলসীবতী বালিকা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয় কুঞ্জবন, পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয় ওএনজিসি, মহারাজা বীর বিক্রম কলেজ, বীর বিক্রম মেমোরিয়্যাল কলেজ, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় ও এনআইটি আগরতলা-

তে নেওয়া হয়েছে। ত্রিপুরার মোট ৪,৪৯১ জন ছাত্রছাত্রী এই পরীক্ষায় বসেছিলেন।

*******************************

**Child Diabetes:**

কেন্দ্রীয় সরকার শিশুদের ডায়াবেটিস বা মধুমেহ সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করেছে। সম্প্রতি সমাপ্ত ‘জনস্বাস্থ্যসেবা প্রদানে সর্বোত্তম অনুশীলন বিষয়ক জাতীয় শীর্ষ সম্মেলন’-এ এই নথিটি প্রকাশ করা হয়। গতকাল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, এই নির্দেশিকা নথিটি প্রথমবারের মতো শিশুদের ডায়াবেটিসের স্ক্রিনিং, রোগ নির্ণয়, চিকিৎসা এবং দীর্ঘমেয়াদী ব্যবস্থাপনার জন্য একটি সুসংগঠিত ও মানসম্মত জাতীয় কাঠামো প্রতিষ্ঠা করেছে। আশা করা হচ্ছে, এটি জনস্বাস্থ্যের ক্ষেত্রেও উল্লেখযোগ্য সুফল বয়ে আনবে, যার মধ্যে রয়েছে দ্রুত রোগ নির্ণয়ের ফলে মৃত্যুহার কমানো, জটিলতা প্রতিরোধ এবং আক্রান্ত শিশুদের জীবনযাত্রার মানের উন্নতি।

নতুন নির্দেশিকার লক্ষ্য হলো, দ্রুত শনাক্তকরণের জন্য কমিউনিটি ও স্কুল উভয় প্ল্যাটফর্ম ব্যবহার করে জন্ম থেকে ১৮ বছর বয়সী সকল শিশুর সার্বজনীন স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করা। রোগের আশংকা যুক্তদের অবিলম্বে রক্তে গ্লুকোজের মাত্রা পরীক্ষা করা হবে এবং নিশ্চিতকরণ ও চিকিৎসার জন্য দ্রুত জেলা স্বাস্থ্যকেন্দ্রে পাঠানো হবে।

*******************************

**Cabinet:**

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে মোট ১১২টি পদে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য মন্ত্রীসভা। এর মধ্যে ১০৭টি পদে পরীক্ষার মাধ্যমে এবং ৫টি পদে পদোন্নতির ভিত্তিতে নিয়োগ করা হবে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী সম্প্রতি

সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, অর্থ দপ্তরের অধীন ডাইরেক্টোরেট অব ট্রেজারিস অ্যান্ড অ্যাকাউন্টসে ৫০টি সিনিয়র কম্পিউটার অ্যাসিস্টেন্ট (গ্রুপ-সি) পদে নিয়োগ করা হবে। টিপিএসসি-র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

সাধারণ প্রশাসন (প্রিন্টিং এবং স্টেশনারি) দপ্তরে ৪৩টি বিভিন্ন টেকনিক্যাল পদে নিয়োগ করা হবে। নির্বাচন দপ্তরে এলডিসি পদে ৬ জন এবং গ্রুপ-ডি পদে ৪ জনকে নিয়োগ করা হবে। কারা দপ্তরে অ্যালোপ্যাথি বিভাগে ৪ জন ফার্মাসিস্ট নিয়োগ করা হবে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে শহীদ হয়েছেন এমন সৈনিকদের বর্তমানে জীবিত ১২ জন স্ত্রীকে ১০ হাজার টাকা মাসিক ভাতা দেওয়া হচ্ছে। মন্ত্রীসভার সর্বশেষ বৈঠকে এই ভাতার পরিমাণ বাড়িয়ে ১৫ হাজার টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে৷

*******************************

**Storm Damage – South Tripura:**

ভারী বৃষ্টির কারনে দক্ষিন জেলার মথু মগ পাড়া-বাইখোড়া স্কুলের রাস্তায় গতকাল প্রায় ৪০ টি রাবার গাছ পড়ে রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পড়ে৷ পরে সিভিল ডিফেন্স ও আপদা মিত্র স্বেচ্ছাসেবকরা গিয়ে গাছগুলি কেটে রাস্তাটি চলাচল যোগ্য করে তোলেন। বিলোনিয়ায় বজ্রপাতে একটি গবাদি পশুর মৃত্যু হয়েছে। দক্ষিণ ত্রিপুরার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আকাশবাণীকে জানান, গত কয়েকদিন ধরে জেলার বিভিন্ন স্হানে কালবৈশাখী ও শিলাবৃষ্টিতে মানুষের বাড়িঘর, ধান, সজি ও রাস্তাঘাটের ব্যাপক ক্ষয়ক্ষতির পরিমান নিরূপনের কাজ চলছে। জেলার তিনটি মহকুমায় মোট ৬৮৫টি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পযন্ত ৪৭৮টি পরিবারকে ৪৫ লাখ ১হাজার ৭৮২ টাকা বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে প্রদান করা হয়েছে।

*******************************

## Weather :

আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘলা থাকবে এবং পশ্চিম ও সিপাহীজলা জেলায় ভারী থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনার কথা জানানো হয়েছে। এছাড়া, বাকি সমস্ত জেলাতেই ঘন্টায় ৩0 থেকে ৪0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বজ্র বিদ্যুৎ ও বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় পরিমাপযোগ্য বৃষ্টিপাত ৩১.২ মিলিমিটার।

*******************************

*******************************